# পরাজিত শক্তির ন্যারেটিভ গ্রহণ করলে জুলাই সনদ বাধাগ্রস্ত হবে: অ্যাটর্নি জেনারেল



সংগৃহীত ছবি

অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান বলেছেন, জুলাই সনদকে বানচাল করার চেষ্টা যদি পরাজিত শক্তির ন্যারেটিভে করা হয়, তবে দেশের উন্নয়ন ও বিচার প্রক্রিয়া পিছিয়ে যাবে। তিনি সনদ বাস্তবায়নে ভিন্নমতের প্রতি শ্রদ্ধা রাখার গুরুত্বও তুলে ধরেন।

শনিবার (১৮ অক্টোবর) 'ডিবেট ফর ডেমোক্রেসি' আয়োজিত বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান বলেন, জুলাই সনদ নিয়ে অযথা বিতর্ক না করাই শ্রেয়, কারণ সনদটি পরিবর্তনের সুযোগ রেখে তৈরি করা হয়েছে। তিনি আশ্বস্ত করেন, সনদ বাস্তবায়নে কিছু দেরি হলেও জুলাই হত্যার বিচার স্বাভাবিক প্রক্রিয়ায় এগিয়ে যাবে এবং কোনোভাবেই বাধাগ্রস্ত হবে না।

তিনি আরও বলেন, জুলাই সনদে স্বাক্ষরে মতবিরোধ থাকা স্বাভাবিক। ভিন্নমতের প্রতি শ্রদ্ধা রেখে সনদ বাস্তবায়নের পক্ষে তিনি দৃঢ় অবস্থান নিয়েছেন।

প্রসঙ্গত, শুক্রবার (১৭ অক্টোবর) বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা জুলাই জাতীয় সনদ-২০২৫-এ স্বাক্ষর করেছেন। তাদের স্বাক্ষরের পর প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসও সনদে স্বাক্ষর করেন।

LENS ASIA

জুলাই সনদ তৈরির আলোচনায় মোট ৩৩টি রাজনৈতিক দল অংশ নিয়েছিল। তবে জাতীয় নাগরিক পার্টিসহ (এনসিপি) কয়েকটি বামপন্থী দল—বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি), বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ), বাসদ (মার্ক্সবাদী) ও বাংলাদেশ জাসদ—এই অনুষ্ঠানে যোগ দেয়নি।